



প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর স্থিতি নির্ধারণ ও হিসাবভুক্তি নির্দেশিকা

হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়

সচিবালয় ভবন, ৩য় ফেজ,

সেশনবাগিচা, ঢাকা-১০০০।

স্মারক

সরকারি হিসাব প্রণয়নের ক্ষেত্রে স্বাভাবিক ভাবেই অনেক গুরুত্বপূর্ণ তথ্যের প্রয়োজন হয়। এই তথ্যের প্রাপ্তি নিশ্চিত করার জন্য সরকারি কর্মসূচির আওতাধীন সকল সংস্থার প্রধান হিসাব রক্ষক কর্মকর্তাদেরকে এই স্মারক প্রেরণ করা হল। এই স্মারক প্রেরণের মাধ্যমে সরকারি হিসাব প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের প্রাপ্তি নিশ্চিত করার জন্য সরকারি কর্মসূচির আওতাধীন সকল সংস্থার প্রধান হিসাব রক্ষক কর্মকর্তাদেরকে এই স্মারক প্রেরণ করা হল।

এই স্মারক প্রেরণের মাধ্যমে সরকারি হিসাব প্রণয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্যের প্রাপ্তি নিশ্চিত করার জন্য সরকারি কর্মসূচির আওতাধীন সকল সংস্থার প্রধান হিসাব রক্ষক কর্মকর্তাদেরকে এই স্মারক প্রেরণ করা হল।

প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর স্থিতি নির্ধারণ ও হিসাবভুক্তি নির্দেশিকা



স্বাক্ষরিত: ১৯৭৩ সালের ১৫ জানুয়ারি

মুখবন্ধ

সরকারি বাজেট প্রণয়ন ও হিসাব সংরক্ষণ ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা এবং আধুনিক কম্পিউটার পদ্ধতি প্রচলন করতে ১৩ অংকের কাঠামো বিশিষ্ট শ্রেণীবিন্যাস চার্ট ১লা জুলাই ১৯৯৮ থেকে প্রচলন করা হয়। এতদপ্রেক্ষিতে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের লেনদেনের সঠিক হিসাবভুক্তির নিমিত্ত গুরুত্বপূর্ণ প্রজাতন্ত্রের সরকারি হিসাব সংক্রান্ত লেনদেনের ১৩ অংকের ডেবিট এবং ক্রেডিট কোড সংক্রান্ত বিস্তারিত নির্দেশনার প্রয়োজনীয়তা অনুভূত হয়। অধিকন্তু, প্রজাতন্ত্রের সরকারি হিসাবের আওতাধীন লেনদেনের স্থিতি নির্ধারণের নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা জারির অত্যাবশ্যকতা অনুভূত হয়। এ উদ্দেশ্যে প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর স্থিতি নির্ধারণ ও হিসাবভুক্তি নির্দেশিকা প্রণয়ন করা হলো।

এ নির্দেশিকাটি এ কার্যালয়ের অতিরিক্ত হিসাব মহা নিয়ন্ত্রক (হিসাব ও পদ্ধতি) জনাব মোঃ আব্দুস ছামাদ প্রণয়ন/সংকলন করেছেন। নির্দেশিকাটি কেবল হিসাব বিভাগের জন্যই নয়, সরকারের সংশ্লিষ্ট সকল পর্যায়ের জনবলের পেশাগত জ্ঞান ও দাপ্তরিক কাজের দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হবে। নির্দেশিকাটির মানোন্নয়নে যে কোন পরামর্শ এ কার্যালয়ে গোচরীভূত হলে তা গুরুত্বের সাথে বিবেচনা করা হবে।

ঢাকা :

০৭, ০৪, ১৪১৬ বঃ

২২, ০৭, ২০০৯ খ্রিঃ

আল মামুন মোঃ সানাউল হক
হিসাব মহা নিয়ন্ত্রক, বাংলাদেশ, ঢাকা।

সূচীপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নম্বর
	মুখবন্ধ	ক
	প্রথম অধ্যায়	১
১.১-১.৮	প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি নির্ধারণ	৩-৬
	দ্বিতীয় অধ্যায়	৭
	বাজেট ও হিসাব প্রণয়নের শ্রেণীবিন্যাস	৯
২.১	শ্রেণীবিন্যাস কাঠামো	১১
২.২	নতুন শ্রেণীবিন্যাসের প্রয়োজনীয়তা	১১
২.৩	১৩ অংক বিশিষ্ট বাজেট ও হিসাবের নতুন শ্রেণীবিন্যাস কাঠামোর সংক্ষিপ্ত পরিচিতি	১১
২.৪	১৩ অংকের পূর্ণাঙ্গ উদাহরণ	১৪
২.৫	শ্রেণীবিন্যাসের বৈশিষ্ট্য	১৫
	তৃতীয় অধ্যায়	১৭
	প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি	১৯
৩.১	সাধারণ জ্ঞাতব্য - প্রজাতন্ত্রের সরকারি হিসাব	২১
৩.২	সাধারণ জ্ঞাতব্য - প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয়)	২১
৩.৩	সাধারণ জ্ঞাতব্য - প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয় ব্যতীত)	২২
৩.৪	প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয়) সংক্রান্ত লেনদেন এর ১৩ অংকের ডেবিট এবং ক্রেডিট কোড	২২
৩.৪.১	সঞ্চয়পত্র জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২২
৩.৪.২	ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৩
৩.৪.৩	ডাক জীবন বীমা ও অ্যানুইটি সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৩
৩.৪.৪	স্ট্যাম্পস সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৩
৩.৪.৫	Remitted to treasury এবং drawn from treasury সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৪
৩.৪.৬	অভ্যন্তরীণ মানি অর্ডার সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৪
৩.৪.৭	বিদেশ হতে প্রেরিত মানি অর্ডার সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৫
৩.৪.৮	ডাক বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে স্থানান্তর সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৫
৩.৪.৯	ডাক বিভাগীয় জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৬
৩.৪.১০	অগ্রিম খাতে আপত্তির লেনদেন হিসাবভুক্তি	২৬
৩.৪.১১	বিভাগীয় ক্যাশ কন্ট্রোল হিসাব সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	২৭
৩.৪.১২	বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ডিসিএ/ডিএও অফিস কর্তৃক জাতীয় সঞ্চয় পত্রসমূহ, সঞ্চয় বন্ডসমূহ এর লেনদেন হিসাবভুক্তি	২৭
৩.৪.১৩	জাতীয় সঞ্চয় প্রকল্প সমূহ বন্ধের তালিকা ও জাতীয় সঞ্চয় প্রকল্প সমূহের আওতাধীন সঞ্চয় পত্র, বন্ড মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের প্রেক্ষিতে অতিরিক্ত সুদ আদায়	২৮
৩.৫	প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয় ব্যতীত) সংক্রান্ত লেনদেন এর ১৩ অংকের ডেবিট এবং ক্রেডিট কোড	৩১
৩.৫.১	জেনারেল প্রভিডেন্ট ফান্ড এর লেনদেন হিসাবভুক্তি	৩১
৩.৫.২	সরকারি কর্মচারী কল্যাণ তহবিল ও সরকারি কর্মচারী গোষ্ঠী বীমা তহবিল এর লেনদেন হিসাবভুক্তি	৩২

৩.৫.৩	স্থানীয় তহবিলের জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৩৩
৩.৫.৪	দেওয়ানী আদালতের জমা এবং ফৌজদারী আদালতের জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৩৩
৩.৫.৫	জাহাজ কাগানের জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৩৪
৩.৫.৬	এলসির মাধ্যমে পরিশোধিত অর্থ মাসিক হিসাবে হিসাবভুক্তি	৩৫
৩.৫.৭	অন্তর্জাতিক প্রতিষ্ঠানের চাঁদা ও অন্যান্য বিশেষ ব্যয় বাবদ পরিশোধিত অর্থ মাসিক হিসাবে হিসাবভুক্তি	৩৬
৩.৫.৮	ঠিকাদার ও সরবরাহকারীর সিকিউরিটি জমার অর্থ মাসিক হিসাবে হিসাবভুক্তি	৩৮
৩.৫.৯	ভূমি অধিগ্রহণ সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৩৮
৩.৫.১০	ব্যক্তিগত খতিয়ান হিসাব (Personal Ledger Account) জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৩৯
৩.৫.১১	ভাড়া নিয়ন্ত্রকের পক্ষে জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৩৯
৩.৫.১২	নির্বাচন সংক্রান্ত জমা এর লেনদেন হিসাবভুক্তি	৪০
৩.৫.১৩	Other RPA এবং DPA এর লেনদেন হিসাবভুক্তি	৪০
৩.৫.১৪	স্থায়ী অগ্রিমের লেনদেন হিসাবভুক্তি	৪১
৩.৫.১৫	অগ্রিম খাতে আপত্তির লেনদেন হিসাবভুক্তি	৪৩
৩.৫.১৬	অর্পিত সম্পত্তির ইজারাদান অর্থ জমা প্রদান এবং ব্যয়ের হিসাবভুক্তির পদ্ধতি	৪৪
৩.৫.১৭	রেডিও চেক সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৪৫
৩.৫.১৮	বিভাগীয় ক্যাশ কন্ট্রোল হিসাব সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৪৫
৩.৫.১৯	সার্ভিস ডাক টিকিট বিক্রয় বাবদ লেনদেন হিসাবভুক্তি	৪৬
৩.৫.২০	করাতকলের লাইসেন্স ফি বাবদ অর্থ সরাসরি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমাদান ও হিসাবভুক্তি	৪৬
৩.৫.২১	বিভিন্ন বিভাগীয় অফিসসমূহ কর্তৃক চালানের মাধ্যমে সরকারী কোষাগারে অর্থ জমাদান এবং চেকের মাধ্যমে সরকারী কোষাগার হতে উত্তোলিত অর্থের হিসাবভুক্তি	৪৭
৩.৫.২২	শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ দপ্তর কর্তৃক মূল্য সংযোজন কর, আমদানী শুল্ক ও সম্পূরক শুল্ক ফেরৎ বাবদ চেকের হিসাবভুক্তি	৫০
৩.৫.২৩	কাষ্টমস সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৫১
৩.৫.২৪	প্রতিরক্ষা বিভাগীয় চেক এবং চালান সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি	৫২
৩.৫.২৫	রেলওয়ে বিভাগ ও সিভিল বিভাগের মধ্যে সংঘটিত লেনদেন হিসাবভুক্তি	৫২
৩.৫.২৬	চেক এবং চালান এর লেনদেন হিসাবভুক্তি	৫৩
	চতুর্থ অধ্যায়	৫৩
	সংলাগ	৫৫
		৫৭-২২৭

পাঠ্যক্রমের সঙ্গতি হিসাবে স্থিতি নির্ধারণ

প্রথম অধ্যায়

প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি নির্ধারণ

প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি নির্ধারণ

১.১। সংযুক্ত তহবিলের (Consolidated fund) আওতাধীন হিসাবের গুণগত মান প্রতিষ্ঠার প্রয়াসের পাশা-পাশি প্রজাতন্ত্রের সরকারি হিসাব (Public Account of the Republic) এর আওতায় সংঘটিত লেনদেনের হিসাবের শুদ্ধতা ও প্রামাণিকতা প্রতিষ্ঠার প্রয়োজন অনুভূত হওয়ায় ডি এফ আই ডি এর অর্থায়নে ২০০৭-০৮ অর্থ বছর পর্যন্ত প্রজাতন্ত্রের সরকারি হিসাবের আওতাধীন স্থিতির শুদ্ধতা যাচাইয়ের উদ্যোগ গ্রহণ করা হয়।

১.২। প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতির শুদ্ধতা যাচাই কার্যক্রম তদারকির জন্য সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সিআরইউ/প্রজাঃ সঃ হিসঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/১৫৬/৭৭ তারিখ- ১৪/০১/২০০৭ খ্রিঃ (সংলাগ-১) এর মাধ্যমে হিসাব মহা নিয়ন্ত্রককে আহবায়ক করে একটি সেন্ট্রাল মনিটরিং কমিটি গঠন করা হয়। এই কমিটির কার্যপরিধি নিম্নরূপ ছিল :-

- (১) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাই কাজে নিয়োজিত সরেজমিনে যাচাই দলসমূহ এবং সেন্ট্রাল রিভিউ সেল এর কার্যক্রম তদারকি।
- (২) সরেজমিনে যাচাই দল কর্তৃক প্রণীত রিপোর্ট প্রকল্পের তত্ত্বাবধানে গঠিত একটি সেন্ট্রাল রিভিউ সেল এর মাধ্যমে উপস্থাপন করা হলে তা পর্যালোচনা করে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।
- (৩) প্রয়োজনমত সরেজমিনে যাচাই দল কর্তৃক প্রত্যায়িত স্থিতির পরীক্ষামূলক যাচাই (test check)।
- (৪) অন্ততঃ ১৫ দিন অন্তর সভায় মিলিত হয়ে সরেজমিনে যাচাই দল এবং রিভিউ সেল কর্তৃক চিহ্নিত সমস্যা সমাধানকল্পে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।
- (৫) এতদসংক্রান্ত আঞ্চলিক পর্যায়ে মনিটরিং কমিটিসমূহের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা।

উল্লেখ্য যে, প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতির শুদ্ধতা যাচাই কার্যক্রম তদারকির জন্য ২৪টি সভা হিসাব মহা নিয়ন্ত্রক এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয় এবং সভায় প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাই তদারকির অংশ হিসাবে বিভিন্ন সময়ে স্থিতি যাচাই কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং স্থিতি যাচাই সংক্রান্ত চিহ্নিত সমস্যাগুলি সমাধান কল্পে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

১.৩। প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি নির্ধারণের সহায়ক হিসাবে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের লেনদেন সম্পর্কে সম্যক ধারণা দেয়ার জন্য প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয় ব্যতীত) এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি সংক্রান্ত নির্দেশিকা বিষয়ে সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/প্রজাতন্ত্রের সরকারী হিসাব/২৬০/৫৪১(৫২৫) তারিখঃ ৩০/১০/২০০৭ খ্রিঃ এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয়) এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি সংক্রান্ত নির্দেশিকা বিষয়ে সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/হিসাব ও সিডিপিইউ/প্রজাতন্ত্রের সরকারী হিসাব/২৬০/৫৪২(১০) তারিখঃ ৩০/১০/২০০৭ খ্রিঃ জারি করা হয়। এতদসংক্রান্ত প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি সংক্রান্ত নির্দেশিকা এ ম্যানুয়েল এর ৩য় অধ্যায়ে অন্তর্ভুক্ত করা হয়েছে।

১.৪। প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাইয়ের জন্য সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সিআরইউ/প্রজাঃ সঃ হিসাব/স্থিতি যাচাই/২০০৬-০৭/১৮৭ তারিখ-২৯/১০/২০০৭ খ্রিঃ (সংলাগ-২) এর মাধ্যমে হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয় এর আওতাধীন সকল হিসাব রক্ষণ অফিসে স্থিতি যাচাই কমিটি গঠনের নির্দেশনা দেয়া হয়।

১.৫। হিসাব মহা নিয়ন্ত্রক এর কার্যালয় এর আওতাধীন সকল হিসাব রক্ষণ অফিসে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাইয়ের জন্য সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সি আর ইউ/প্রজাঃ সঃ হিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/১৫৬/১৯৬ তারিখ-১৯/১১/২০০৭ খ্রিঃ (সংলাগ-৩) এবং পত্র নং- সিজিএ/বাজেট ও সি আর ইউ/প্রজাঃ সঃ হিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/১৫৬/২০৯ তারিখ-০৩/০১/২০০৮ খ্রিঃ (সংলাগ-৪) মোতাবেক জারিকৃত সুনির্দিষ্ট ফরমেট অনুসরণ করে স্থিতি যাচাই প্রতিবেদন প্রণয়ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। অন্যদিকে গণপূর্ত, সড়ক ও জনপথ, জনস্বাস্থ্য প্রকৌশল, বন বিভাগীয় প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাইয়ের জন্য সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সি আর ইউ/প্রজাঃ সঃ হিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/১৫৬/২২৫ তারিখ-২৪/০২/২০০৮ খ্রিঃ (সংলাগ-৫) এবং তার ও দুরালাপনি বিভাগীয় এতদসংক্রান্ত স্থিতি নির্ধারণের জন্য সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সি আর ইউ/প্রজাঃ সঃ হিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭ (২য় খন্ড)/১৬২/৩২৬ তারিখ-২৬/০২/২০০৯ খ্রিঃ (সংলাগ-৬) মোতাবেক জারিকৃত সুনির্দিষ্ট ফরমেট অনুসরণ করে স্থিতি যাচাই প্রতিবেদন প্রণয়ন করার জন্য নির্দেশনা দেয়া হয়। অধিকন্তু, এন এস ডি এবং ডাক বিভাগীয় স্থিতি নির্ধারণ ও তদারকির জন্য সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সি আর ইউ/প্রজাঃ সঃ হিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/১৫৬/২২৮ তারিখ-২৮/০২/২০০৮ খ্রিঃ (সংলাগ-৭) মোতাবেক কমিটি গঠন করা হয়। উল্লেখ্য যে, স্থিতি যাচাই প্রতিবেদন অভিন্নভাবে প্রণয়নের লক্ষে বর্ণিত পত্রসমূহের মাধ্যমে প্রেরিত ফরমেট অভিন্নরূপে প্রস্তুত করা হয়।

১.৬। ৬টি ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস অফিস এবং তাদের আওতাধীন অফিসসমূহে বর্ণিতভাবে নির্ণীত প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি ভেরিফিকেশন এর জন্য সিজিএ অফিসের পত্র নং-সিজিএ/বাজেট ও সি আর ইউ/প্রজাঃ সঃ হিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/(২য় খন্ড)/১৬২/৩২২ তারিখ-২২/০২/২০০৯ খ্রিঃ (সংলাগ-৮) মোতাবেক ভেরিফিকেশন টীম গঠনের নিমিত্ত ডিসিএগণকে নির্দেশনা দেয়া হয় এবং সরকারি হিসাবের স্থিতি যাচাই প্রতিবেদন যাচাইকালে পরীক্ষণ দল কর্তৃক অনুসরণীয় চেক লিষ্ট সরবরাহ করা হয়। তাছাড়া সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সিআরইউ/প্রজাঃসঃহিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/খন্ড-২/১৬২/৩৬৯ তারিখ- ১১/০৬/২০০৯ খ্রিঃ (সংলাগ-৯) মোতাবেক একটি চেক লিষ্ট প্রেরণ পূর্বক উহা অনুসরণে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাই প্রতিবেদন প্রেরণ করতে সকল সিএও অফিসকে নির্দেশনা দেয়া হয়। অধিকন্তু সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সিআরইউ/প্রজাঃসঃহিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/খন্ড-২/১৬২/৩৭৮ তারিখ ২১/০৭/২০০৯ খ্রিঃ (সংলাগ-১০) মোতাবেক একটি চেক লিষ্ট প্রেরণ পূর্বক উহা অনুসরণে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাই প্রতিবেদন প্রেরণ করতে সকল বিভাগীয় অফিসকে নির্দেশনা দেয়া হয়।

১.৭। সকল হিসাব রক্ষণ অফিস এবং বিভাগীয় অফিসের আওতাধীন প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি ২০০৭-২০০৮ অর্থ বছর পর্যন্ত নির্ধারণ প্রক্রিয়াধীন রয়েছে। প্রজাতন্ত্রের সরকারি হিসাবের স্থিতি যাচাই প্রতিবেদন প্রাপ্তির পর তা একটি Software Program এ এন্ট্রি করে সিজিএ অফিসের সিডিপিইউতে রক্ষিত প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভিন্ন স্থিতির সাথে তুলনাপূর্বক এতদসংক্রান্ত স্থিতি সংশোধন করে সঠিক স্থিতি নির্ধারণের প্রক্রিয়া বাস্তবায়নধীন রয়েছে।

১.৮। ২০০৭-২০০৮ অর্থ বছরের পর প্রতি বছরের প্রজাতন্ত্রের সরকারি হিসাবের হালনাগাদ স্থিতি নির্ধারণের নিমিত্ত বর্ণিত পত্রসমূহের মাধ্যমে জারিকৃত ছকে পূর্ববর্তী বছর পর্যন্ত সমাপনী স্থিতিকে পরবর্তী বছরের প্রারম্ভিক স্থিতি হিসাবে গন্য করে সংশ্লিষ্ট বছরের প্রাপ্তি, পরিশোধ অন্তর্ভুক্ত করে সমাপনী স্থিতি নির্ধারণ পূর্বক এতদসংক্রান্ত প্রতিবেদন জুন (ছড়াশু) হিসাব সম্পন্নের ১ মাসের মধ্যে হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয়ে প্রেরণ করার জন্য সকল হিসাব রক্ষণ অফিস ও বিভাগীয় অফিসকে সিজিএ অফিসের পত্র নং- সিজিএ/বাজেট ও সিআরইউ/প্রজাঃসঃহিঃ/স্থিতি যাচাই/২০০৬-০৭/খন্ড-২/১৬২/৩৭৭ তারিখ ২১/০৭/২০০৯ খ্রিঃ (সংলাগ-১১) মোতাবেক নির্দেশনা দেয়া হয়।

দ্বিতীয় অধ্যায়

বাংলাদেশের বিদ্যমান শ্রেণিব্যবস্থার পরিচয়

বাজেট ও হিসাব প্রণয়নের শ্রেণীবিন্যাস

বাজেট ও হিসাব প্রণয়নের শ্রেণীবিন্যাস

২.১। শ্রেণীবিন্যাস কাঠামো

বাজেট ও হিসাব প্রণয়নের শ্রেণীবিন্যাস একটি ১৩ অঙ্কবিশিষ্ট সংখ্যাভিত্তিক কাঠামো। এ কাঠামো চারটি পৃথক কোড লেভেল নিয়ে গঠিত। শ্রেণীবিন্যাস কাঠামোকে বাস্তবায়ন করতে কম্পিউটার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয় কর্তৃক প্রকাশিত একাউন্ট কোড, প্রথম খন্ড এর পরিশিষ্ট হিসেবে শ্রেণীবিন্যাস চার্ট জারি করা হয়। বর্তমানে এ শ্রেণী বিন্যাস চার্ট সকল মন্ত্রণালয়/বিভাগের বাজেট প্রণয়ন ও হিসাব সংরক্ষণের ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। ১/৭/১৯৯৮ খ্রিঃ থেকে এ শ্রেণী বিন্যাস কাঠামো চালু হয়। ফলে ইতোপূর্বেকার মুখাখাত ও গৌণখাত শ্রেণী বিন্যাস একই সময় থেকে রহিত হয়।

এ অধ্যায়ে এ কাঠামো কিভাবে ব্যবহার করা হবে সে সম্পর্কে মোটামুটি দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। তবে বিস্তারিত দিক নির্দেশনার জন্য ব্যবহারকারীগণকে শ্রেণী বিন্যাস চার্ট দেখতে হবে।

২.২। নতুন শ্রেণীবিন্যাসের প্রয়োজনীয়তা

- বাজেট বরাদ্দের জন্য
- হিসাব রক্ষণের জন্য
- ব্যয় নিয়ন্ত্রণের জন্য
- প্রতিষ্ঠানিক ও অর্থনৈতিক বিশ্লেষণের জন্য
- সর্বোপরি আর্থিক শৃংখলার জন্য।

২.৩। ১৩ অংক বিশিষ্ট বাজেট ও হিসাবের নতুন শ্রেণীবিন্যাস কাঠামোর সংক্ষিপ্ত পরিচিতি নিম্নে তুলে ধরা হলো :

১৩ অংকের শ্রেণীবিন্যাস কাঠামো

লেভেল	অংকের সংখ্যা	বিবরণ	মন্তব্য
১	১	সাংবিধানিক/বিধিগত	সাংবিধানিক কোড
২	২	মন্ত্রণালয়/বিভাগ	প্রাতিষ্ঠানিক কোড
৩	৪	অধিদপ্তর/পরিদপ্তর/অপারেশনাল গ্রুপ	
৪	২	অপারেশনাল ইউনিট/উন্নয়ন প্রকল্প	অর্থনৈতিক কোড
	২	অর্থনৈতিক গ্রুপ	
	২	অর্থনৈতিক গ্রুপের বিস্তারিত বিবরণ	

সরকারি প্রতিটি আর্থিক লেনদেনে অবশ্যই ১৩ অংকের শ্রেণীবিন্যাস কোড ব্যবহার করতে হবে।

নতুন শ্রেণীবিন্যাস তিনটি প্রধান অংশে বিভক্ত :-

- সাংবিধানিক কোড- (লেভেল-১ কোড)- এ কোডগুলোর মাধ্যমে সরকারের প্রাপ্তি ও ব্যয়ের বিধিগত প্রকৃতি ও আইনগত অবস্থান দেখানো হয়েছে।
- প্রাতিষ্ঠানিক কোড- (লেভেল-২ ও ৩ কোড)- এ কোডগুলোর দ্বারা সরকারের কাঠামোর আওতাভুক্ত ব্যয় নির্বাহী অথবা রাজস্ব সংগ্রহকারী সংস্থা চিহ্নিত হয়েছে এবং এগুলো সরকারের সাংগঠনিক পর্যায় (hierarchy) অনুযায়ী সাজানো হয়েছে।
- অর্থনৈতিক কোড- (লেভেল-৪ কোড)- এ কোডগুলো সরকারি প্রাপ্তি ও ব্যয়ের প্রকৃতি নির্দেশ করে।

সরকারের প্রতিটি আর্থিক লেনদেনের অবশ্যই সাংবিধানিক, প্রাতিষ্ঠানিক ও অর্থনৈতিক কোড থাকতে হবে। নিম্নে সাংবিধানিক, প্রাতিষ্ঠানিক ও অর্থনৈতিক কোডসমূহের বিস্তারিত বিবরণ দেয়া হলো :-

লেভেল ১ : সাংবিধানিক কোড

সাংবিধানিক কোড সরকারের প্রাপ্তি ও ব্যয়ের বিধিগত প্রকৃতি চিহ্নিত করে। এটি ১ (এক) অংক বিশিষ্ট। বাংলাদেশের সংবিধানের ৮৪, ৮৬, ৮৮ ও ৮৯ অনুচ্ছেদ এই কোডের ভিত্তি। সংবিধান অনুসারে সরকারি লেনদেন ২ (দুই) ধরনের তহবিলের সাথে সম্পৃক্ত, যথাঃ ১। সংযুক্ত তহবিল ও ২। প্রজাতন্ত্রের সরকারি হিসাব।

সংযুক্ত তহবিলের লেনদেন :

প্রাপ্তি : সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, সরকার কর্তৃক সংগৃহীত সকল ঋণ এবং কোন ঋণ পরিশোধ থেকে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ সংবিধানের ৮৪(১) অনুচ্ছেদ অনুযায়ী সংযুক্ত তহবিলের অংশ। সংযুক্ত তহবিলের প্রাপ্তির জন্য সাংবিধানিক কোড ১ নির্ধারিত।

দায়যুক্ত ব্যয় : সংবিধান অথবা সংবিধি দ্বারা অনুমোদিত অবশ্য পরিশোধযোগ্য ব্যয়। সংবিধানের ৮৮ অনুচ্ছেদে উল্লিখিত পদ/দপ্তরসমূহ যেমন- রাষ্ট্রপতিকে দেয় পারিশ্রমিক ও তাঁর দপ্তর সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়, স্পিকার ও ডেপুটি স্পিকার, সুপ্রিম কোর্টের বিচারকগণ, সিএন্ডএজি, নির্বাচন কমিশনারগণ এবং সরকারি কর্ম কমিশনের সদস্যগণকে দেয় পারিশ্রমিক এবং তাঁদের দপ্তর সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়, ঋণের দায় পরিশোধ প্রভৃতি দায়যুক্ত ব্যয়ের কয়েকটি উদাহরণ। সংবিধানের অনুচ্ছেদ ৮৯ (১) অনুযায়ী এই ব্যয় সংসদে আলোচনা করতে হবে; তবে তা ভোটের আওতাভুক্ত হবেনা। সংযুক্ত তহবিলের দায়যুক্ত ব্যয়ের জন্য সাংবিধানিক কোড ২ নির্ধারিত।

অন্যান্য ব্যয় : সংযুক্ত তহবিলের দায়যুক্ত ব্যয় ব্যতীত অন্যান্য সকল ব্যয়। সংবিধানের অনুচ্ছেদ ৮৯ (২) অনুযায়ী এ ব্যয় সংসদে আলোচনা করতে হবে এবং তা ভোটের আওতাভুক্ত হবে। এর জন্য সাংবিধানিক কোড ৩ নির্ধারিত।

প্রজাতন্ত্রের সরকারি হিসাবের লেনদেন :

প্রজাতন্ত্রের সরকারি হিসাব, হলো সংযুক্ত তহবিল বহির্ভূত সকল ধরনের লেনদেন। সংবিধানের অনুচ্ছেদ ৮৪ (২) অনুযায়ী সরকার কর্তৃক বা সরকারের পক্ষে প্রাপ্ত সংযুক্ত তহবিল ব্যতীত অন্য সকল সরকারি অর্থ প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা হবে। সংবিধানের ৮৬ অনুচ্ছেদ অনুযায়ী প্রজাতন্ত্রের কর্মে নিযুক্ত কিংবা প্রজাতন্ত্রের বিষয়াবলীর সাথে সংশ্লিষ্ট কোন ব্যক্তি কর্তৃক প্রাপ্ত বা ব্যক্তির নিকট জমা রয়েছে, এরূপ সকল অর্থ অথবা যে কোন মোকদ্দমা, বিষয়, হিসাব বা ব্যক্তি বাবদ যে কোন আদালত কর্তৃক প্রাপ্ত বা আদালতের নিকট জমা রয়েছে এরূপ সকল অর্থ প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমা হবে। প্রজাতন্ত্রের সরকারি হিসাবের প্রাপ্তির জন্য সাংবিধানিক কোড ৬ এবং প্রদানের জন্য সাংবিধানিক কোড ৭ নির্ধারিত।

সংবিধানের আলোকে সরকারের লেনদেনের প্রকৃতি নিম্নের ছকে বিষদভাবে দেখানো হলো :

সাংবিধানিক কোডের বিবরণ

তহবিলের ধরণ	সাংবিধানিক কোড	বিবরণ
সংযুক্ত তহবিল	১	প্রাপ্তি
	২	অনুময়ন ব্যয়- দায়যুক্ত
	৩	অনুময়ন ব্যয়- অন্যান্য
	৫	উম্ময়ন ব্যয়
প্রজাতন্ত্রের সরকারি হিসাব	৬	প্রাপ্তি
	৭	প্রদান

লেভেল ২ ও ৩ : প্রাতিষ্ঠানিক কোড

প্রাতিষ্ঠানিক কোড দ্বারা সরকারের বিদ্যমান প্রশাসনিক কাঠামো অর্থাৎ মন্ত্রণালয়/বিভাগ এবং অধীনস্থ কার্যালয়সমূহকে চিহ্নিত করা হয়েছে।

লেভেল ২ : ৪ (চার) অংক বিশিষ্ট। এর প্রথম ২ অংক দ্বারা প্রশাসনিক কাঠামোর সর্বোচ্চ লেভেল মন্ত্রণালয়/বিভাগকে বুঝায় এবং শেষের ২ অংক দ্বারা সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের অধীন অধিদপ্তর/পরিদপ্তর এবং অপারেশনাল গ্রুপকে বুঝায়। অপারেশনাল গ্রুপ বলতে একই প্রকৃতির কতিপয় অফিস বা প্রতিষ্ঠানের কর্মকর্তাদের সমষ্টিকে বুঝায়।

লেভেল ৩ : ৪ (চার) অংক বিশিষ্ট এবং এটি দ্বারা প্রশাসনিক কাঠামোর সর্বনিম্ন লেভেল অর্থাৎ অপারেশনাল ইউনিটকে বুঝানো হয়। প্রাতিষ্ঠানিক কাঠামোর শেষ লেভেল এর অনুকূলে বিস্তারিত বাজেট বরাদ্দ দেওয়া হয়। লেভেল ৩ কে সর্বদাই লেভেল ২ এর সাথে ব্যবহার করতে হবে।

উন্নয়ন প্রকল্পের ক্ষেত্রে লেভেল ২ বাস্তবায়নকারী সংস্থা এবং লেভেল ৩ প্রকল্পের কোড নির্দেশ করে।

প্রজাতন্ত্রের সরকারি হিসাব প্রাপ্তি/পরিশোধের ক্ষেত্রে জাতীয় সঞ্চয় প্রকল্প ব্যতীত লেভেল ২ ও ৩ এর জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর এর কোড এবং জাতীয় সঞ্চয় প্রকল্পের ক্ষেত্রে ১১৫১-০০১০ কোড ব্যবহার করতে হবে।

লেভেল-৪ : অর্থনৈতিক কোড

এ কোড সরকারের প্রাপ্তি ও ব্যয়ের প্রকৃতি নির্দেশ করে। এটি ৪ অংক বিশিষ্ট। প্রথম ২ অংক অর্থনৈতিক গ্রুপ নির্দেশ করে। পরবর্তী ২ অংক অর্থনৈতিক গ্রুপের বিস্তারিত বিবরণ নির্দেশ করে। উন্নয়ন ও অনুন্নয়ন উভয় প্রকার প্রাপ্তি ও ব্যয়ের জন্য একই রকম অর্থনৈতিক কোড ব্যবহার করা হয়। সরকারের সকল লেনদেনের ক্ষেত্রে ৪ অংকের সম্পূর্ণ অর্থনৈতিক কোড ব্যবহার করতে হবে।

অর্থনৈতিক কোডগুলোকে নিম্নলিখিত প্রধান অংশে বিভক্ত করা হয়েছে :-

অর্থনৈতিক কোড

বিবরণ	কোড রেঞ্জ
সংযুক্ত তহবিল- প্রাপ্তি	০১০০-৪৪৯৯
সংযুক্ত তহবিল- রাজস্ব ব্যয়	৪৫০০-৬৭৯৯
সংযুক্ত তহবিল- মূলধন ব্যয়	৬৮০০-৭৯৯৯
প্রজাতন্ত্রের সরকারি হিসাব- প্রাপ্তি	৮০০০-৮৯৯৯
প্রজাতন্ত্রের সরকারি হিসাব- প্রদান	৯০০০-৯৯৯৯

২.৪। ১৩ অংকের পূর্ণাংগ উদাহরণ :

সাংবিধানিক কোড	প্রাতিষ্ঠানিক কোড		অর্থনৈতিক কোড
	লেভেল-১	লেভেল-২	লেভেল-৪
১	১১৩৩- অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- স্বল্প, আনগারী ও ভ্যাট কমিশনারেটসমূহ	০০০০- স্বল্প, আনগারী ও ভ্যাট কমিশনারেট	০৩১১ দেশজ পণ্য ও সেবার উপর ভ্যাট
১	১১৪১- অভ্যন্তরীণ সম্পদ বিভাগ- কর অঞ্চলসমূহ	০০০০- কর অঞ্চল	০১১১ আয়কর কোম্পানী বা ঠিক
১	২২১১- স্বরাষ্ট্র মন্ত্রণালয়-বাংলাদেশ পুলিশ অধিদপ্তর	০০০০- বাংলাদেশ পুলিশ অধিদপ্তর	২৬৭১- অর্জিত ও দেয় টাকার আদায়
১	২৫৩১- শিক্ষা মন্ত্রণালয়- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	০০০০- মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর	২৬৮১- বিবিধ রাজস্ব ও প্রাপ্তি
১	২৭০১- স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়- সচিবালয়	০০০১- সচিবালয়	৩৯০১- গৃহ নির্মাণ অগ্রিম
১	৩৩৩১- তথ্য মন্ত্রণালয়- তথ্য অধিদপ্তর	০০০০- তথ্য অধিদপ্তর	২০৩৭- সরকারী যানবাহনের বাবহার
১	৩৭৪১- স্থানীয় সরকার বিভাগ- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	০০০০- জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	২৩৬৬- টেন্ডার ও অন্যান্য দলিল পত্র
১	৩৯০১- শিল্প মন্ত্রণালয়- সচিবালয়	০০০১- সচিবালয়	১৬৩২- গৃহ নির্মাণ অগ্রিমের সুদ
২	০৬০১- নির্বাচন কমিশন-সচিবালয়	০০০১- সচিবালয়	৪৯০১- মোটর যানবাহন মেরামত
৩	২৪৩১- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	০০০১- সদর দপ্তর	৪৫০১- কর্মকর্তাদের বেতন
৩	২৪৩৪- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- উপজেলা শিক্ষা কার্যালয়সমূহ	০০০০- উপজেলা শিক্ষা কার্যালয়সমূহ	৪৬০১- কর্মচারীদের বেতন
৩	৪৬০১- ভূমি মন্ত্রণালয়- সচিবালয়	০০০১- সচিবালয়	৭৪০১- গৃহ নির্মাণ অগ্রিম
৫	২৪৩১- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর	৫০০০- প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী-২	৪৮১৬- টেলিফোন বিল
৬	৪৩৩১- কৃষি মন্ত্রণালয়- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	০০০০- কৃষি সম্প্রসারণ অধিদপ্তর	৮১০১- সাধারণ ভবিষ্য তহবিল
৬	০৭০৫- সংস্থাপন মন্ত্রণালয়- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	৩৫৪৫- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	৮২৪১- সরকারি কর্মচারী কল্যাণ তহবিল
৬	০৭০৫- সংস্থাপন মন্ত্রণালয়- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	৩৫৪৫- বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড	৮২৪৬- সরকারি কর্মচারী গোষ্ঠী বীমা তহবিল
৭	২৯৩১- সমাজ কল্যাণ মন্ত্রণালয়- সমাজ সেবা অধিদপ্তর	০০০০- সমাজ সেবা অধিদপ্তর	৯১০১- সাধারণ ভবিষ্য তহবিল
৭	৩২৫১- গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়- গণপূর্ত অধিদপ্তর	০০০০- গণপূর্ত অধিদপ্তর	৯৩৯১- ঠিকাদার ও সরবরাহকারীর সিকিউরিটি জমা

২.৫। শ্রেণীবিন্যাসের বৈশিষ্ট্য :

- শ্রেণীবিন্যাস কাঠামো সরকারের প্রশাসনিক কাঠামোর সাথে সংগতিপূর্ণ পূর্বের শ্রেণীবিন্যাসে মুখ্য খাত ১১৮ সচিবালয় দ্বারা সকল মন্ত্রণালয় ও বিভাগের খরচকে বুঝানো হতো। বর্তমানে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগের জন্য পৃথক কোড রয়েছে।
- সরকারের লেনদেনের সাংবিধানিক দিক প্রকাশ করে।
- কোডগুলো সম্পূর্ণভাবে সংখ্যা ভিত্তিক, ফলে কম্পিউটারে ব্যবহার উপযোগী।
- প্রাতিষ্ঠানিক ও অর্থনৈতিক বিশ্লেষণ দ্রুত করা সম্ভব।
- অর্থনৈতিক কোডে রাজস্ব ও মূলধন ব্যয় সনাক্তকরণের ব্যবস্থা রয়েছে।

ତୃତୀୟ ଅଧ୍ୟାୟ

সংসদে প্রেরণের তারিখ: ১৯৬৩ সালের ১৫ জানুয়ারি

১. প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি

ক্র.সং.	বিবরণ	১৯৬৩ সালের হিসাব	১৯৬২ সালের হিসাব
১	সংসদে প্রেরণের তারিখ	১৯৬৩ সালের ১৫ জানুয়ারি	১৯৬২ সালের ১৫ জানুয়ারি
২	সংসদে প্রেরণের স্থান	সংসদ	সংসদ
৩	সংসদে প্রেরণের বিষয়	প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি	প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি
৪	সংসদে প্রেরণের প্রকার	সংসদে প্রেরণের প্রকার	সংসদে প্রেরণের প্রকার
৫	সংসদে প্রেরণের উদ্দেশ্য	সংসদে প্রেরণের উদ্দেশ্য	সংসদে প্রেরণের উদ্দেশ্য
৬	সংসদে প্রেরণের ফলাফল	সংসদে প্রেরণের ফলাফল	সংসদে প্রেরণের ফলাফল

প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি

২. প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি

৩. প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি

৪. প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি

৫. প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি

প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন লেনদেন হিসাবভুক্তি

৩.১। সাধারণ জ্ঞাতব্য - প্রজাতন্ত্রের সরকারি হিসাব

(ক) সরকারি হিসাবের সার্বিক গুণগত মান নিশ্চিতকরণে সংযুক্ত তহবিলের আওতাধীন হিসাবের গুণগত মান প্রতিষ্ঠার পাশাপাশি প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর আওতাধীন হিসাবের গুণগত মান প্রতিষ্ঠা প্রয়োজন। এজন্য সঠিক ও নির্ভরযোগ্য হিসাবভুক্তি দরকার। সংযুক্ত তহবিল এবং প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর মধ্যে পার্থক্য নিম্নে বিবৃত হলো :

ক্রঃ নং	বিবরণ	সংযুক্ত তহবিল	প্রজাতন্ত্রের সরকারি হিসাব
১।	উৎস	সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, সরকার কর্তৃক সংগৃহীত সকল ঋণ এবং কোন ঋণ পরিশোধ হতে সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ	সরকার কর্তৃক বা সরকারের পক্ষে প্রাপ্ত অন্য সকল সরকারি অর্থ
২।	মালিকানা	সরকার এতদসংক্রান্ত তহবিলের মালিক	সরকার এতদসংক্রান্ত তহবিলের ট্রাস্টি। ফান্ড নির্ধারিত বিধি, পদ্ধতি এবং প্রশাসনিক আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হয়।
৩।	শ্রেণী বিন্যাস	প্রাপ্তি ব্যয় : দায়যুক্ত অন্যান্য	প্রাপ্তি পরিশোধ
৪।	প্রাক্কলন	প্রত্যেক মন্ত্রণালয় / বিভাগের প্রাপ্তি ও ব্যয়ের প্রাক্কলন বার্ষিক বাজেট রূপে অনুমোদনের জন্য জাতীয় সংসদে পেশ করা হয়।	প্রাপ্তি ও পরিশোধের প্রাক্কলন প্রণয়ন করা হয় কিন্তু জাতীয় সংসদে পেশ করা হয় না।
৫।	বৎসরান্তে স্থিতি	অর্থ বছর সমাপ্তিতে প্রাপ্তি ও ব্যয়ের স্থিতি সরকারি হিসাবে স্থানান্তরিত হয় (Balances Close to Government)	অর্থ বছর সমাপ্তিতে প্রাপ্তি ও পরিশোধের স্থিতি ব্যালেন্স এ স্থানান্তরিত হয় (Accounts Close to Balances)

(খ) প্রজাতন্ত্রের সরকারি হিসাব এর লেনদেন সংক্রান্ত হিসাবভুক্তি নিম্নোক্ত কারণে জানা অতীব প্রয়োজন :-

- (১) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের সঠিক হিসাবভুক্তিকরণ।
- (২) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের সঠিক স্থিতি নির্ধারণ।
- (৩) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের জমাকৃত অর্থ সঠিকভাবে পরিশোধকরণ।
- (৪) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভিন্ন সমন্বয়যোগ্য কোডের অর্থ সঠিকভাবে সমন্বয়করণ।
- (৫) প্রজাতন্ত্রের সরকারি হিসাবে জমাকৃত নগদ প্রবাহ নির্ধারণ।
- (৬) সঠিক হিসাবভুক্তির নিমিত্ত জার্নাল প্রণয়ন, ইত্যাদি।

৩.২। সাধারণ জ্ঞাতব্য - প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয়)

(ক) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভিন্ন জমা কোড যেমন, জাতীয় সঞ্চয় পত্রসমূহ, ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা, সঞ্চয় বন্ডসমূহ, ডাক জীবন বীমা ও অ্যানুইটি, অভ্যন্তরীণ মানি অর্ডার, বিদেশ হতে প্রেরিত মানি অর্ডার ইত্যাদি সংক্রান্ত কোডে অর্থ জমা করা হলে তা শর্তানুসারে সুদসহ বা সুদ বিহীন পরিশোধ করতে হয়। অন্যদিকে বিভিন্ন সমন্বয়যোগ্য হিসাব সমন্বয়ের জন্য বিভিন্ন কোড যেমন রেমিটেন্স হিসাব, পরিশোধযোগ্য অগ্রিম, বিভাগীয় ক্যাশ কন্ট্রোল, বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে স্থানান্তর ইত্যাদি সংক্রান্ত কোড সমূহ ব্যবহার করতে হয়।

(খ) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভিন্ন জমা কোড যেমন, জাতীয় সঞ্চয় পত্রসমূহ, ডাকঘর সঞ্চয় ব্যাংকে জমা, সঞ্চয় বন্ডসমূহ, ডাক জীবন বীমা ও অ্যানুইটি, অভ্যন্তরীণ মানি অর্ডার ইত্যাদি সংক্রান্ত কোডে নগদ/চেক/পে-অর্ডার এ অর্থ জমা করা হয় এবং পরবর্তীতে তা পরিশোধ করা হয়। অন্যদিকে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের

বিভিন্ন কোড যেমন, জিপিএফ, ডাক জীবন বীমা ও অ্যানুইটি ইত্যাদি সংক্রান্ত কোডে সরকারি বাজেটের প্রেক্ষিতে বিলের মাধ্যমে অর্থ জমা করা হয় এবং পরবর্তীতে তা পরিশোধ করা হয়। এভাবে বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে অর্থ জমা করা হয় এবং শর্তানুসারে তা পরিশোধ করা হয়।

- (গ) হেড পোষ্ট অফিসের সরাসরি আওতাধীন ব্রাঞ্চ পোষ্ট অফিস সরাসরি হেড পোষ্ট অফিসে এবং হেড পোষ্ট অফিসের সরাসরি আওতাধীন না হলে ব্রাঞ্চ পোষ্ট অফিস সাব পোষ্ট অফিসে দৈনিক লেনদেনের Daily accounts প্রেরণ করে। সাব পোষ্ট অফিস নিজ অফিসের লেনদেনের Daily accounts এবং ব্রাঞ্চ পোষ্ট অফিস হতে প্রাপ্ত দৈনিক লেনদেনের Daily accounts হেড পোষ্ট অফিসে প্রেরণ করে। ব্রাঞ্চ, সাব এবং হেড পোষ্ট অফিসের দৈনিক লেনদেনের ভিত্তিতে প্রণীত Daily accounts এর ভিত্তিতে যথাক্রমে ব্রাঞ্চ, সাব এবং হেড পোষ্ট অফিস ভিত্তিক সামারী হেড অফিসে প্রণয়ন করা হয়। এতদসংক্রান্ত সামারীর ভিত্তিতে হেড পোষ্ট অফিসে ক্যাশ বুক প্রণয়ন করা হয় এবং হেড পোষ্ট অফিস ক্যাশ বুক এর একটি কার্বন কপি মাসিক ক্যাশ একাউন্ট হিসেবে (অশ্রেণী বিন্যাসকৃত হিসাব ও নগদ, ষ্ট্যাম্প ইত্যাদির স্থিতি সহ) সিএও, ডাক বিভাগে শ্রেণী বিন্যাসকৃত মাসিক হিসাব প্রণয়নের জন্য প্রেরণ করে এবং এতদপ্রেক্ষিতে সিএও/ডাক বিভাগ শ্রেণী বিন্যাসকৃত হিসাব প্রণয়ন করে হিসাব মহা নিয়ন্ত্রক কার্যালয়ে প্রেরণ করে। অন্যদিকে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ডিসিএ/ডিএ ও অফিস জাতীয় সঞ্চয়পত্র, সঞ্চয় বন্ড, ডাক জীবন বীমা ও অ্যানুইটি সংক্রান্ত লেনদেন মাসিক হিসাবে হিসাবভুক্ত করে। তাছাড়া সিএও এবং ইউএও অফিস ডাক জীবন বীমা ও অ্যানুইটি সংক্রান্ত লেনদেন মাসিক হিসাবে হিসাবভুক্ত করে।

৩.৩। সাধারণ জ্ঞাতব্য - প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয় ব্যতীত)

(ক) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভিন্ন জমা কোড যেমন, রাষ্ট্রীয় প্রতিভেদ ফান্ড, বিভাগীয় ও বিচার বিভাগীয় জমা, ঠিকাদার ও সরবরাহকারীর সিকিউরিটি জমা ইত্যাদি সংক্রান্ত কোডে অর্থ জমা করা হলে তা শর্তানুসারে সুদসহ বা সুদ বিহীন পরিশোধ করতে হয়। অন্যদিকে বিভিন্ন সমন্বয়যোগ্য হিসাব সমন্বয়ের জন্য বিভিন্ন কোড যেমন রেমিটেন্স হিসাব, বিনিময় হিসাব, স্থায়ী অগ্রিম, পরিশোধযোগ্য অগ্রিম, চেক এবং বিলসমূহ, বিভাগীয় ক্যাশ কন্ট্রোল, বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে স্থানান্তর ইত্যাদি সংক্রান্ত কোড সমূহ ব্যবহার করতে হয়।

(খ) প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভিন্ন জমা কোড যেমন, দেওয়ানী আদালতের জমা, ফৌজদারী আদালতের জমা, ভাড়া নিয়ন্ত্রকের পক্ষে জমা, নির্বাচন সংক্রান্ত জমা ইত্যাদি সংক্রান্ত কোডে চালানোর মাধ্যমে অর্থ জমা করা হয় এবং পরবর্তীতে তা পরিশোধ করা হয়। অন্যদিকে প্রজাতন্ত্রের সরকারি হিসাবের বিভিন্ন কোড যেমন, জিপিএফ, ব্যক্তিগত খতিয়ান হিসাব জমা, স্থানীয় তহবিলের জমা ইত্যাদি সংক্রান্ত কোডে সরকারি বাজেটের প্রেক্ষিতে বিলের মাধ্যমে অর্থ জমা করা হয় এবং পরবর্তীতে তা পরিশোধ করা হয়। এভাবে বিভিন্ন প্রক্রিয়ার মাধ্যমে প্রজাতন্ত্রের সরকারি হিসাবে অর্থ জমা করা হয় এবং শর্তানুসারে তা পরিশোধ করা হয়।

৩.৪। প্রজাতন্ত্রের সরকারি হিসাব সংক্রান্ত লেনদেন সঠিক কোডে হিসাবায়নের নিমিত্তে গুরুত্বপূর্ণ প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয়) সংক্রান্ত লেনদেন এর ১৩ অংকের ডেবিট এবং ক্রেডিট কোড বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো :

৩.৪.১। সঞ্চয়পত্র জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) সঞ্চয় পত্রসমূহের লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :
- (২) সঞ্চয়পত্র ডাকঘর, বাংলাদেশ ব্যাংক এবং সঞ্চয় ব্যুরো কর্তৃক বিক্রয় ও পরিশোধ করা হয় এবং এতদসংক্রান্ত সুদ পরিশোধ করা হয়।
- (৩) সঞ্চয়পত্র বিক্রয়ের প্রেক্ষিতে ৬-১১৫১-০০১০-৮০XX কোডে ক্রেডিট এবং ৭-৫৪৩১-০০০০-৯৭৫১ কোডে ডেবিট; আসল পরিশোধের প্রেক্ষিতে ৭-১১৫১-০০১০-৯০XX কোডে ডেবিট এবং ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ কোডে ক্রেডিট এবং সুদ পরিশোধের প্রেক্ষিতে ২-০৯৮৩-০০৩০-৫২XX কোডে ডেবিট এবং ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ কোডে ক্রেডিট করে এতদসংক্রান্ত টাকার অংক সিএও/ডাক বিভাগ কর্তৃক হিসাবভুক্তি করতে হবে।

৩.৪.২। ডাকঘর সম্বয় ব্যাংকে জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) ডাকঘর সম্বয় ব্যাংকে জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :
- (২) ডাকঘর সম্বয় ব্যাংকে জমা কেবল মাত্র ডাকঘর কর্তৃক বিক্রয় ও পরিশোধ করা হয় এবং এতদসংক্রান্ত সুদ ও পরিশোধ করা হয়।
- (৩) ডাকঘর সম্বয়পত্র বিক্রয়ের প্রেক্ষিতে ৬-১১৫১-০০১০-৮০×× কোডে ক্রেডিট এবং ৭-৫৪৩১-০০০০-৯৭৫১ কোডে ডেবিট ; আসল পরিশোধের প্রেক্ষিতে ৭-১১৫১-০০১০-৯০×× কোডে ডেবিট এবং ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ কোডে ক্রেডিট এবং সুদ পরিশোধের প্রেক্ষিতে ২-০৯৮৩-০০৩০-৫২×× কোডে ডেবিট এবং ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ কোডে ক্রেডিট করে এতদসংক্রান্ত টাকার অংক সিএও/ ডাক বিভাগ কর্তৃক হিসাবভুক্তি করতে হবে।

৩.৪.৩। ডাক জীবন বীমা ও অ্যানুইটি সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) ডাক জীবন বীমা ও অ্যানুইটি সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :
- (২) ডাক জীবন বীমার কিস্তি কর্তনের প্রেক্ষিতে ৬-১১৫১-০০১০-৮০৪১ কোডে ক্রেডিট ও ৭-৫৪৩১-০০০০-৯৭৫১ কোডে ডেবিট ; বীমার আসল অর্থ পরিশোধের প্রেক্ষিতে ৭-১১৫১-০০১০-৯০৪১ কোডে ডেবিট ও ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ কোডে ক্রেডিট এবং সুদ পরিশোধের প্রেক্ষিতে ২-০৯৮৩-০০৩০-৫৪০১ কোডে ডেবিট এবং ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ কোডে ক্রেডিট করে এতদসংক্রান্ত টাকার অংক সিএও/ডাক বিভাগ কর্তৃক হিসাবভুক্ত করতে হবে।

৩.৪.৪। ষ্টাম্পস সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) ষ্টাম্প সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :
- (২) হেড পোস্ট মাস্টার ষ্টাম্প Drawn from treasury এর আওতায় চালানের মাধ্যমে অর্থ জমা দানপূর্বক ট্রেজারী অফিসার এর নিকট হতে পোস্টেজ ষ্টাম্প, রেভিনিউ ষ্টাম্প, বেভরোল ষ্টাম্প সংগ্রহ করলে এবং এতদসংক্রান্ত চালান ব্যাংক হতে ডিসিএ/ডিএও অফিসে প্রেরণ করা হলে ডিসিএ/ডিএও অফিস কর্তৃক চালানে উল্লিখিত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৯০১.	৬-৫৪৩১-০০০০-৮৮০১

বর্ণিতভাবে হেড পোস্ট মাস্টার পোস্টেজ ষ্টাম্প, রেভিনিউ ষ্টাম্প, বেভরোল ষ্টাম্প প্রাপ্তির পর ট্রেজারী অফিসার এর নিকট হতে ক্রয়কৃত ষ্টাম্পের টাকার তথ্যাদি ও ডিসিএ/ডিএও কর্তৃক প্রত্যাশিত এতদসংক্রান্ত বিবরণী সিএও/ডাক বিভাগকে অবিলম্বে অবহিত করলে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্ত ভাবে হিসাবভুক্তি করতে হবে :

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৮০১	১-৫৪৩১-০০০০-৩২০১ (পোস্টেজ ষ্টাম্প)
	১-১১৩১-০০০০-০৬০১ (বেভ রোল ষ্টাম্প)
	১-১১০১-০০২০-১৩২১ (রেভিনিউ ষ্টাম্প)

৩.৪.৫। Remitted to treasury এবং drawn from treasury সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

(১) Remitted to treasury এবং drawn from treasury সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :

(২) হেড পোস্ট অফিস কর্তৃক Remitted to treasury এর আওতায় চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা করণে সিএও/ডাক বিভাগ কর্তৃক চালানে উল্লিখিত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৮০১	৬-৫৪৩১-০০০০-৮৭৫১

সরকারি কোষাগারে অর্থ জমাকরণের চালান ব্যাংক থেকে প্রাপ্তির পর ডিসিএ/ডিএও অফিস কর্তৃক চালানে উল্লিখিত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৯০১	৬-৫৪৩১-০০০০-৮৮০১

(৩) হেড পোস্ট অফিস কর্তৃক drawn from treasury এর আওতায় Letter of credit এর মাধ্যমে সরকারী কোষাগার হতে টাকা উত্তোলনে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৭৫১	৬-৫৪৩১-০০০০-৮৮৬২

সরকারি কোষাগার হতে Letter of credit এর মাধ্যমে ব্যাংক থেকে অর্থ উত্তোলনের ভাউচার প্রাপ্তির পর ডিসিএ/ ডিএও অফিস কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৮৬২	৬-৫৪৩১-০০০০-৮৯০১

৩.৪.৬। অভ্যন্তরীণ মানি অর্ডার সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

(১) অভ্যন্তরীণ মানি অর্ডার এর লেনদেন নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে হিসাবভুক্তি করতে হবে :

(২) অভ্যন্তরীণ মানি অর্ডার ইস্যুকারী পোস্ট অফিস কর্তৃক মানি অর্ডারের অর্থ গ্রহণের প্রেক্ষিতে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৭৫১	৬-৫৪৩১-০০০০-৮৮৭২

(৩) ইস্যুকারী পোস্ট অফিস বিলিকারী পোস্ট অফিসে MO ইস্যু ফরম প্রেরন করলে এবং তৎপ্রেক্ষিতে অর্থ পরিশোধের প্রেক্ষিতে সিএও/ডাকঘর কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে:-

ডেবিট	ক্রেডিট
৭-৫৪৩১-০০০০-৯৮৭২	৬-৫৪৩১-০০০০-৮৭৫১

৩.৪.৭। বিদেশ হতে প্রেরিত মানি অর্ডার সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) বিদেশ হতে প্রেরিত মানি অর্ডারের এর লেনদেন নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করে হিসাবভুক্তি করতে হবে :
- (২) ফরেন পোস্ট অফিস কর্তৃক বিলিকারী পোস্ট অফিসে মানি অর্ডার ইস্যু ফরম প্রেরণ করা হলে এবং তৎপ্রেক্ষিতে বিলিকারী পোস্ট অফিস কর্তৃক মানি অর্ডার এর অর্থ পরিশোধ করা হলে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট

৭-৫৪৩১-০০০০-৯৮৭৩

ক্রেডিট

৬-৫৪৩১-০০০০-৮৭৫১

- (৩) বিদেশ হতে প্রেরিত মানি অর্ডারের এ্যাডভাইজ Federal Reserve Bank of New York কর্তৃক ট্রান্সফার এর প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক, বাংলাদেশ পোস্ট অফিস এর ৫৪০১ নম্বর সরকারি হিসাবে অন্তর্ভুক্ত করণের ভাউচার প্রাপ্তিতে ডিসিএ, ঢাকা কার্যালয় কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট

৭-৫৪৩১-০০০০-৯৯০১

ক্রেডিট

৬-৫৪৩১-০০০০-৮৮০১

- (৪) এতদপ্রেক্ষিতে সিজিএ অফিস হতে রেমিটেন্স এর মাধ্যমে কাগজাদি প্রাপ্তির পর সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তরূপে হিসাবভুক্তি করতে হবে:-

ডেবিট

৭-৫৪৩১-০০০০-৯৮০১

ক্রেডিট

৬-৫৪৩১-০০০০-৮৮৭৩

৩.৪.৮। ডাক বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে স্থানান্তর সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) ডাক বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে স্থানান্তর এর লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :
- (২) কোন পোস্ট অফিসে কর্মরত কর্মকর্তা কর্তৃক অন্য কোন পোস্ট অফিসে বেতন ও ভাতাদির বিল দাখিলপূর্বক অর্থ গ্রহণ করা হলে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট

৭-৫৪৩১-০০০০-৯৮৪১

ক্রেডিট

৬-৫৪৩১-০০০০-৮৭৫১

- (৩) কোন পোস্ট অফিসে কর্মরত কর্মকর্তা কর্তৃক অন্য কোন পোস্ট অফিস হতে বেতন-ভাতার বিল গ্রহণের প্রেক্ষিতে Advice of transfer (বিলসহ) কর্মরত পোস্ট অফিসে প্রেরণ করা হলে সিএও/ডাকঘর কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট

৩-৫৪৩১-০০০০-৪৫০১

৩-৫৪৩১-০০০০-৪৭০৫

৩-৫৪৩১-০০০০-XXXX

ক্রেডিট

৬-৫৪৩১-০০০০-৮৮৪১

- (৪) ডাক বিভাগীয় কর্মকর্তাদের মধ্যে স্থানান্তরযোগ্য অন্য কোন লেনদেন থাকলে বর্ণিত নির্দেশনার আলোকে হিসাবভুক্তি করতে হবে।

৩.৪.৯। ডাক বিভাগীয় জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) ডাক বিভাগীয় জমা এর লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ
- (২) ডাকঘর কর্তৃক পোষ্টাল অর্ডার ইস্যুর প্রেক্ষিতে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তরূপে হিসাবভুক্তি করতে হবেঃ-
- | ডেবিট | ক্রেডিট |
|------------------|------------------|
| ৭-৫৪৩১-০০০০-৯৭৫১ | ৬-৫৪৩১-০০০০-৮৩৫৭ |
- (৩) পোষ্ট অফিস কর্তৃক পোষ্টাল অর্ডার বাবদ গৃহীত অর্থ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পরিশোধের প্রেক্ষিতে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তরূপে হিসাবভুক্তি করতে হবেঃ-
- | ডেবিট | ক্রেডিট |
|------------------|------------------|
| ৭-৫৪৩১-০০০০-৯৩৫৭ | ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ |
- (৪) ডাক বিভাগীয় জমা সংক্রান্ত অন্য কোন লেনদেন থাকলে বর্ণিত নির্দেশনার আলোকে হিসাবভুক্তি করতে হবে

৩.৪.১০। অগ্রিম খাতে আপত্তির লেনদেন হিসাবভুক্তি।

- (১) অগ্রিম খাতে আপত্তির লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ
- (২)(ক) বদলী অগ্রিমের বিল শেষ কর্মস্থল থেকে পরিশোধের প্রেক্ষিতে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-
- | ডেবিট | ক্রেডিট |
|------------------|------------------|
| ৭-৫৪৩১-০০০০-৯৫১১ | ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ |
- (খ) বদলী ভ্রমণ অগ্রিমের সমন্বয় বিল বদলীকৃত কর্মস্থল থেকে পরিশোধের প্রেক্ষিতে সিএও/ডাক বিভাগ কর্তৃক এতদসংক্রান্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-
- (১) শেষ কর্মস্থল হতে অগ্রিম হিসাবে গ্রহণকৃত এবং বদলীকৃত কর্মস্থল হতে সমন্বয়কৃত বিলের পরিমাণ একই অংকের হলে নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-
- | ডেবিট | ক্রেডিট |
|------------------|------------------|
| ৩-৫৪৩১-০০০০-XXXX | ৬-৫৪৩১-০০০০-৮৫১১ |
- (সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের খরচের কোড)
- (২) বদলীকৃত কর্মস্থল হতে সমন্বয়কৃত বিলের টাকার অংক শেষ কর্মস্থল হতে অগ্রিম হিসাবে গ্রহণকৃত টাকার অংক অপেক্ষা অধিক হলে অতিরিক্ত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-
- | ডেবিট | ক্রেডিট |
|------------------|------------------|
| ৩-৫৪৩১-০০০০-XXXX | ৬-৫৪৩১-০০০০-৮৭৫১ |
- (সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের খরচের কোড)
- (৩) শেষ কর্মস্থল হতে অগ্রিম হিসাবে গ্রহণকৃত টাকার অংক বদলীকৃত কর্মস্থলে সমন্বয়কৃত বিলের টাকার অংক অপেক্ষা বেশী হলে অতিরিক্ত গৃহীত টাকা বিল হতে কর্তনের প্রেক্ষিতে নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-
- | ডেবিট | ক্রেডিট |
|------------------|------------------|
| ৩-৫৪৩১-০০০০-XXXX | ৬-৫৪৩১-০০০০-৮৫১১ |

৩.৪.১১। বিভাগীয় ক্যাশ কন্ট্রোল হিসাব সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) বিভাগীয় ক্যাশ কন্ট্রোল হিসাব এর লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।
- (২) বিভাগীয় ক্যাশ কন্ট্রোল হিসাব/ক্লোজিং ব্যালেন্স নিম্নোক্তভাবে Calculation করে সিএও/ডাকবিভাগ কর্তৃক হিসাবভুক্ত করতে হবে :-

প্রারম্ভিক স্থিতি (গত মাসের সমাপনী)	টাকার অংক		টাকার অংক
৬-৫৪৩১-০০০০-৮৭৫১	*****		
হিসাবের মাসে সংযুক্ত ও প্রজাতন্ত্রের সরকারি হিসাব বাবদ প্রাপ্তি : (Bill Receipt নীট ধরে অর্থাৎ সমন্বয়ের মাধ্যমে প্রাপ্তি ব্যতীত)	*****	হিসাবের মাসে সংযুক্ত তহবিল ও প্রজাতন্ত্রের সরকারি হিসাব বাবদ ব্যয়/পরিশোধ : (Bill payment নীট ধরে অর্থাৎ সমন্বয়ের মাধ্যমে payment ব্যতীত)	*****
		সমাপনী স্থিতি (চলতি মাস): ৭-৫৪৩১-০০০০-৯৭৫১	*****
	*****		*****
	=====		=====

৩.৪.১২। বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ডিসিএ/ডিএও অফিস কর্তৃক জাতীয় সঞ্চয় পত্রসমূহ, সঞ্চয় বন্ডসমূহ এর লেনদেন হিসাবভুক্তি।

- (১) বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ডিসিএ/ডিএও অফিস কর্তৃক জাতীয় সঞ্চয় পত্রসমূহ, সঞ্চয় বন্ডসমূহ এর লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।

- (২) (ক) জাতীয় সঞ্চয় পত্রসমূহ, সঞ্চয় বন্ডসমূহ বিক্রয় বাবদ অর্থ রিসিট ভাউচার এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকে জমা করা হলে ডিসিএ/ডিএও অফিস কর্তৃক নিম্নোক্তভাবে এতদসংক্রান্ত টাকার অংক হিসাবভুক্ত করতে হবে :

ডেবিট

৭-১১৫১-০০১০-৯৯০১

ক্রেডিট

৬-১১৫১-০০১০-৮০XX

- (খ) জাতীয় সঞ্চয় পত্রসমূহ, সঞ্চয় বন্ডসমূহের আসল ও সুদ পরিশোধের ভাউচার প্রাপ্তিতে ডিসিএ/ডিএও অফিস কর্তৃক নিম্নোক্তভাবে এতদসংক্রান্ত টাকার অংক হিসাবভুক্ত করতে হবে :

ডেবিট

৭-১১৫১-০০১০-৯০XX

ক্রেডিট

৬-১১৫১-০০১০-৮৯০১ (আসল পরিশোধের ক্ষেত্রে)
১-১১৫১-০০১০-২৬৮১ (অতিরিক্ত সুদ বাবদ পরিশোধিত
অর্থ আদায়ের ক্ষেত্রে)
৭-XXXX-XXXX-৮৯০১ (সুদ পরিশোধের ক্ষেত্রে)
১-১১৪১-০০XX-০১১১ (সুদ হতে আয়কর আদায়ের
ক্ষেত্রে)

২-XXXX-XXXX-৫২XX

৭-XXXX-XXXX-৮৯০১ (সুদ পরিশোধের ক্ষেত্রে)

১-১১৪১-০০XX-০১১১ (সুদ হতে আয়কর আদায়ের

ক্ষেত্রে)

৩.৪.১৩। জাতীয় সঞ্চয় প্রকল্প সমূহ বন্ধের তালিকা ও জাতীয় সঞ্চয় প্রকল্প সমূহের আওতাধীন সঞ্চয় পত্র, বন্ড মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের প্রেক্ষিতে অতিরিক্ত সুদ আদায়।

(১) বিভিন্ন মূল্যমানের সঞ্চয় পত্র জারী এবং বন্ধের একটি তালিকা (পরিশিষ্ট-১) সংযুক্ত করা হলো। তালিকা মোতাবেক যে সকল সঞ্চয় পত্রের বিক্রয় বিভিন্ন তারিখে বন্ধ করা হয়েছে সে সকল সঞ্চয় পত্র উক্ত বন্ধের তারিখের পর বিক্রয় করা যাবে না এবং বিক্রয় বাবদ প্রাপ্তি দেখানো যাবে না। তবে এ সকল সঞ্চয় পত্রের সুদ সহ মূল্যমান পরিশোধ বিধি মোতাবেক অব্যাহত থাকবে।

(২) জাতীয় সঞ্চয় প্রকল্প সমূহের আওতাধীন বিভিন্ন সঞ্চয়পত্র, বন্ড ইত্যাদির পূর্ণ মেয়াদের ভিত্তিতে নির্ধারিত হারে সুদ প্রদান করা হয়। কিন্তু জাতীয় সঞ্চয়পত্র প্রকল্পসমূহের আওতাধীন বিভিন্ন সঞ্চয়পত্র, বন্ড ইত্যাদি মেয়াদ পূর্তির পূর্বে নগদায়নের ফলে পূর্ণ মেয়াদের ভিত্তিতে প্রদত্ত সুদের আংশিক অতিরিক্ত পরিশোধ হিসাবে গণ্য হয়।

বর্ণিত অবস্থায়, মেয়াদ পূর্তির পূর্বে জাতীয় সঞ্চয়পত্র প্রকল্পসমূহের আওতাধীন সঞ্চয়পত্র, বন্ড ইত্যাদি নগদায়ন করা হলে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে :-

(ক) জাতীয় সঞ্চয় প্রকল্প সমূহের আওতাধীন সঞ্চয়পত্র, বন্ড ইত্যাদির পূর্ণ আসল পরিশোধ হিসাবে গণ্য হবে।

(খ) পূর্ণ মেয়াদের ভিত্তিতে প্রদত্ত সুদ হতে নগদায়নের মেয়াদের ভিত্তিতে প্রাপ্য সুদ বিয়োগ করে অতিরিক্ত সুদ বাবদ প্রদত্ত আদায়যোগ্য অর্থ ১/১১৫১/০০১০/২৬৮১ কোডে বিবিধ রাজস্ব ও প্রাপ্তি হিসাবে গণ্য হবে।

উল্লেখ্য যে, এই আদায়যোগ্য অর্থ পূর্ণ আসল পরিশোধ থেকে সমন্বয় করতে হবে।

Sl. No.	Name of Schemes & Opening Date	Dated	Rate of Interest	Remark			
01.	Bangladesh Sanchayapatra (10-Years) 01-10-1973	01-10-1973 - 30-06-1974	4%-10%	01-01-1977 Closed.			
		01-07-1974 -31-12-1976.	6%-13%				
02.	Pratrakkha Sanchaya (8-Years) 08-03-1976	08-03-1976 -15-10-1980	6%-15%	01-07-2002 Closed.			
		16-10-1980 -02-06-1992	13%-21%				
		03-06-1992 -05-02-1995	11%-18%				
		06-02-1995 - 31-01-1996	10%-17%				
		01-02-1996 - 21-02-1997	9.5%-16.5%				
		22-02-1997 - 29-10-2001	10.75%-17.75%				
		30-10-2001 - 30-06-2002	8.75%-15.75%				
		20-12-1977 -24-01-1984	6%-12.20%				
03.	5-Years Bangladesh Sanchayapatra (5-Years) 20-12-1977.	25-01-1984 -02-06-1992	14%-18%				
		03-06-1992 -19-09-1993	11%-16%				
		20-09-1993 -05-02-1995	11%-15%				
		06-02-1995 -31-01-1996	10%-14%				
		01-02-1996 -21-02-1997	9.5%-13.5%				
		22-02-1997 29-10-2001	10.5%-14.5%				
		30-10-2001 - 31-12-2003	8.50%-12.50%				
		01-01-2004-16-07-2004	7.5%-11.00%				
		17-07-2004 - 03-12-2005	7% - 10.50%				
		From 04 /12/ 2005	8.00% - 12.00%				
		04.	Bonus Sanchayapatra. (6-Years) 20-12-1977.		20-12-1977 -15-10-1980	9.25%-16.66%	3-6-1992 Closed.
					16-10-1980 -02-06-1992	14.5%-22%	
05.	3-Years Sanchayapatra 1-11-1988.	01-11-1988 -02-06-1992	19 55%	20-09-1993 Closed.			
		03-06-1992 -19-09-1993	15%				
06.	6-Monthly Profit bearing Sanchayapatra (5-Years) 21-02-1997.	21-02-1997 -29-10-2001	13.5%	1-7-2002 Closed.			
		30-10-2001 -30-06-2002	12%				
07.	Paribar Sanchayapatra (5-Years) 24-02-1997.	24-02-1997 -29-10-2001	13.20%	1-7-2002 Closed.			
		30-10-2001 -30-10-2002	11.92%				
08.	3-Monthly Profit bearing Sanchayapatra (3-Years) 12-01-1998.	12-01-1998 -29-10-2001	13.50%				
		30-10-2001 - 31-12-2003	12%				
		01-01-2004 - 16-07-2004	7.00% -10.50%				
		17-07-2004 - 03-12-2005	6.50% - 10 %				
		From 04/12/ 2005	8.50%-11.50 %				
09.	Jamanat Sanchayapatra (3-Years)(28-01-1999)	28-01-99 -30-06-2002	5%-6%	1-7-2002 Closed.			
10.	Pensioner Sanchaya patra (5 Years) (01-07-2004)	01-07-2004 - 03-12-2005	11 %				
		From 04/12/ 2005	8.50%-12.50%				
	Post Office Savings Bank a) Ordinary Account.	01-07-1974 -30-06-1976	7.5%				
		30-06-1976 -15-10-1980	8.5%				
		16-10-1980 -02-06-1992	11.5%				
		03-06-1992 -21-02-1997	8%				

		22-02-1997 - 16-07-2004	8.5%		
		From 17 July 2004	7.5%		
	b) Fixed Deposit Account.	01-07-1974 -30-06-1976	10%		
		01-07-1976 -15-10-1980	9.25%-11.25%		
		16-10-1980 -30-10-1988	15%-16%		
		01-11-1988 -02-06-1992	19.55%		
		03-06-1992 -19-09-1993	12%-15%		
		20-09-1993 -05-02-1995	11%-13%		
		06-02-1995 -31-01-1996	10%-12%		
		01-02-1996 -21-02-1997	9 5%-11 5%		
		22-02-1997-16-07-2004	10.5%-12.5%		
		17-07-2004 - 03-12-2005	9.50%-11.5%		
		From 04/12/ 2005	10.00%-12.00%		
		(c) Bonus Account 20-12-1977.	20-07-1977 - 15-10-1980	16.66%	3-6-1992 Closed.
			16-10-1980 -02-06-1992	22%	
12.	Wage Earner Development Bond. (20-02-1981)	20-02-1981 -19-09-1993	16%(Compound)		
		20-09-1993 -05-02-1995	14%(Compound)		
		06-02-1995 -31-01-1996	12%(Compound)		
		01-02-1996 -21-02-1997	11%(Compound)		
		From 22-02-1997	12%(Compound)		
13.	3-Years National Investment Bond. (15-12-1992)	15-12-1992 -19-09-1993	10%		
		20-09-1993 -05-02-1995	9%		
		06-02-1995 -21-02-1997	7.5%		
		From 22-02-1997	8.5%		
14.	U.S.Dollar Premium Bond.(16-10-2002)	From 16-10-2002	6.5%-7.5%		
15.	U.S. Dollar Investment Bond.(16-10-2002)	From 16-10-2002	5.5%-6.5%		
16.	<u>Bangladesh Prize Bond.</u>				
	(a) 10/-TK. (01-06-1974)	01-06-1974	10%	1-7-1995 Closed.	
	(b) 50/-TK. (29-10-1985)	29-10-1995	10%	1-7-1995 Closed.	
	(c) 100/-TK (02-07-1995)	02-07-1995	10%		
		09-09-1996	6.5%		
17.	Postal Life Insurance.	Classification of Insurance.	Per Thousand. Per Year.		
		(1) Hole Life Insurance.	TK.42.00		
		(2) Fixed Term Insurance.	TK.33.00		

S/d- 04/12/ 05
(Md. Awlad Hossain Khan)
Assistant Director (policy)
Directorate of National Savings
Dhaka-1000,
Phone-7168337

৩.৫। প্রজাতন্ত্রের সরকারি হিসাব সংক্রান্ত লেনদেন সঠিক কোডে হিসাবায়নের নিমিত্তে গুরুত্বপূর্ণ প্রজাতন্ত্রের সরকারি হিসাব (এন এস ডি ও ডাক বিভাগীয় ব্যতীত) সংক্রান্ত লেনদেন এর ১৩ অংকের ডেবিট এবং ক্রেডিট কোড বিস্তারিতভাবে নিম্নে উল্লেখ করা হলো :

৩.৫.১। জেনারেল প্রভিডেন্ট ফান্ড এর লেনদেন হিসাবভুক্তি।

(১) জেনারেল প্রভিডেন্ট ফান্ড এর লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।

(২) (ক) হিসাব রক্ষণ অফিসে দাখিলকৃত বেতন বিল পরিশোধের প্রেক্ষিতে বিলে উল্লিখিত জেনারেল প্রভিডেন্ট ফান্ড-বেসামরিক বাবদ কর্তনকৃত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

ক্রেডিট

X-XXXX-XXXX-XXXX

৬--XXXX-XXXX-৮১০১

(সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের ব্যয়ের কোড)

(খ) হিসাব রক্ষণ অফিসে দাখিলকৃত জেনারেল প্রভিডেন্ট ফান্ড-বেসামরিক এর বিল পরিশোধের প্রেক্ষিতে বিলে উল্লিখিত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

ক্রেডিট

৭-XXXX-XXXX-৯১০১

৬--XXXX-XXXX-৮৯০১ (ইউএও অফিসের ক্ষেত্রে)

৬-XXXX-XXXX-৮৬১৬ (ডিসিএ/ডিএও অফিসের ক্ষেত্রে)

৬--XXXX-XXXX-৮৬১১ (সিএও অফিসের ক্ষেত্রে)

(গ) অর্থ বছর শেষে/ চূড়ান্ত পরিশোধের নিমিত্তে সাধারণ ভবিষ্যৎ তহবিলে জমাকৃত অর্থের উপর নির্ধারিত হারে সুদ নির্ধারণ পূর্বক সুদের টাকার অংক নিম্নোক্তভাবে হিসাব রক্ষণ অফিস কর্তৃক হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট

ক্রেডিট

২-XXXX-XXXX-৫৩০১

৬-XXXX-০০০০-৮১০১

(৩) লিয়েন এ কর্মরত সরকারি চাকুরে চালানের মাধ্যমে জেনারেল প্রভিডেন্ট ফান্ড - বেসামরিক বাবদ অর্থ জমা করলে চালানে উল্লিখিত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

ক্রেডিট

৭-XXXX-XXXX-৯৯০১

৬--XXXX-XXXX-৮১০১

(৪) বেসামরিক হিসাব রক্ষণ অফিসে দাখিলকৃত সামরিক চাকুরেদের বেতন বিল পরিশোধের প্রেক্ষিতে বিলে উল্লিখিত জিপিএফ-প্রতিরক্ষা বাবদ কর্তনকৃত টাকার অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

ক্রেডিট

X-XXXX-XXXX-XXXX

৬--XXXX-XXXX-৮৮৯৪

(সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের ব্যয়ের কোড)

(৫) (ক) এক বেসামরিক হিসাব রক্ষণ অফিস হতে অন্য বেসামরিক হিসাব রক্ষণ অফিসে জিপিএফ-বেসামরিক স্থিতি স্থানান্তরের প্রেক্ষিতে স্থানান্তরকারী বেসামরিক হিসাব রক্ষণ অফিস কর্তৃক এল পি সি তে উল্লিখিত এতদসংক্রান্ত অর্থের অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

ক্রেডিট

৭-XXXX-XXXX-৯১০১

৬-XXXX-XXXX-৮৮৩৫

(খ) এক বেসামরিক হিসাব রক্ষণ অফিস কর্তৃক অন্য বেসামরিক হিসাব রক্ষণ অফিস হতে জিপিএফ -বেসামরিক স্থিতি স্থানান্তরের অর্থ প্রাপ্তির প্রেক্ষিতে এলপিসিতে উল্লিখিত এতদসংক্রান্ত অর্থের অংক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবে :-

ডেবিট

ক্রেডিট

৭-XXXX-XXXX-৯৮৩৫

৬-XXXX-XXXX-৮১০১

৩.৫.২। সরকারি কর্মচারী কল্যাণ তহবিল ও সরকারি কর্মচারী গোষ্ঠী বীমা তহবিল এর লেনদেন হিসাবভুক্তি

(১) সরকারি কর্মচারী কল্যাণ তহবিল ও সরকারি কর্মচারী গোষ্ঠী বীমা তহবিল এর লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।

(২) (ক) সরকারি কর্মকর্তা ও কর্মচারীদের বেতন বিল পরিশোধের প্রেক্ষিতে বিলে উল্লিখিত সরকারি কর্মচারী কল্যাণ তহবিল বাবদ কর্তনকৃত টাকার অংক হিসাব রক্ষণ অফিস কর্তৃক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

X-XXXX-XXXX-XXXX

(সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের ব্যয়ের কোড)

ক্রেডিট

৬--০৭০৫-৩৫৪৫-৮২৪১

(খ) লিয়েনে কর্মরত সরকারি কর্মকর্তা ও কর্মচারীগণ কর্তৃক চালানোর মাধ্যমে সরকারি কর্মচারী কল্যাণ তহবিল বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা করা হলে হিসাব রক্ষণ অফিস কর্তৃক নিম্নোক্তরূপে চালানে উল্লিখিত এতদসংক্রান্ত টাকার অংক হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

৭-০৭০৫-৩৫৪৫-৯৯০১

ক্রেডিট

৬--০৭০৫-৩৫৪৫-৮২৪১

(গ) সরকারি কর্মচারী কল্যাণ তহবিল বাবদ এভাবে জমাকৃত অর্থ বোর্ড অব ট্রাস্টিজ এর অনুকূলে ঢাকাস্থ সোনালী ব্যাংক, রমনা শাখার চলতি হিসাব নং-এস টি ডি-৪৩ তে স্থানান্তরের নিমিত্ত কেন্দ্রীয়ভাবে সিজিএ অফিস কর্তৃক বাংলাদেশ ব্যাংকে অথরিটি প্রেরণ এবং তৎপ্রেক্ষিতে স্থানান্তরে সিজিএ অফিস কর্তৃক নিম্নোক্তরূপে এতদসংক্রান্ত টাকার অংক হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

৭-০৭০৫-৩৫৪৫-৯২৪১

ক্রেডিট

৬--০৭০৫-৩৫৪৫-৮৯০১

(৩) (ক) সরকারি কর্মকর্তাদের বেতন বিল পরিশোধের প্রেক্ষিতে বিলে উল্লিখিত সরকারি কর্মচারী গোষ্ঠী বীমা বাবদ কর্তনকৃত টাকার অংক হিসাব রক্ষণ অফিস কর্তৃক নিম্নোক্তভাবে হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

X-XXXX-XXXX-XXXX

(সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের ব্যয়ের কোড)

ক্রেডিট

৬--০৭০৫-৩৫৪৫-৮২৪৬

(খ) লিয়েনে কর্মরত সরকারি কর্মকর্তাগণ কর্তৃক চালানোর মাধ্যমে সরকারি কর্মচারী গোষ্ঠী বীমা বাবদ অর্থ সরকারি কোষাগারে জমা করা হলে হিসাব রক্ষণ অফিস কর্তৃক নিম্নোক্তরূপে চালানে উল্লিখিত এতদসংক্রান্ত টাকার অংক হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

৭-০৭০৫-৩৫৪৫-৯৯০১

ক্রেডিট

৬--০৭০৫-৩৫৪৫-৮২৪৬

(গ) সরকারি কর্মচারী গোষ্ঠী বীমা বাবদ এভাবে জমাকৃত অর্থ বোর্ড অব ট্রাস্টিজ এর অনুকূলে ঢাকাস্থ জনতা ব্যাংক, তোপখানা রোড শাখার চলতি হিসাব নং-এস.টি.ডি-১১ তে স্থানান্তরের নিমিত্ত কেন্দ্রীয়ভাবে সিজিএ অফিস কর্তৃক বাংলাদেশ ব্যাংকে অথরিটি প্রেরণ এবং তৎপ্রেক্ষিতে স্থানান্তরে সিজিএ অফিস কর্তৃক নিম্নোক্তরূপে এতদসংক্রান্ত টাকার অংক হিসাবভুক্তি করতে হবেঃ-

ডেবিট

৭-০৭০৫-৩৫৪৫-৯২৪৬

ক্রেডিট

৬--০৭০৫-৩৫৪৫-৮৯০১

৩.৫.৩। স্থানীয় তহবিলের জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তি।

- (১) স্থানীয় তহবিলের জমা সংক্রান্ত লেনদেন হিসাবভুক্তিতে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে।
- (২) (ক) স্থানীয় সরকার বিভাগ/কর্তৃপক্ষ কর্তৃক স্থানীয় সংস্থা এর অনুকূলে বরাদ্দকৃত বাজেট এর প্রেক্ষিতে বিলের মাধ্যমে অর্থ স্থানীয় তহবিলে স্থানান্তরের মাধ্যমে জমাকরণে হিসাব রক্ষণ অফিস কর্তৃক নিম্নোক্তরূপে বিলে উল্লিখিত টাকার অংক হিসাবভুক্তি করতে হবে:-

ডেবিট	ক্রেডিট
৯-৩৭০৫-১১১১-১১১১	৬-৩৭০৫-৩৬১১-৮৩১৬ (জেলা তহবিলের ক্ষেত্রে)
৯-৩৭০৫-১১১১-১১১১	৬-৩৭০৫-৩৭৫৭-৮৩১১ (পৌর তহবিলের ক্ষেত্রে)
৯-৩৭০৫-১১১১-১১১১	৬-৩৭০৫-৩৬০৯-৮৩২৬ (থানা তহবিলের ক্ষেত্রে)

(সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের ব্যয়ের কোড)

- (খ) বর্নিতভাবে হিসাবভুক্ত টাকার বিপরীতে বেসরকারী প্রতিষ্ঠান সংস্থা ও তহবিলের চেক পরিশোধ করা হলে হিসাব রক্ষণ অফিস কর্তৃক নিম্নোক্তরূপে চেকে উল্লিখিত টাকার অংক হিসাবভুক্তি করতে হবে:-

ডেবিট	ক্রেডিট
৭-৩৭০৫-৩৬১১-৯৩১৬	৬-৩৭০৫-৩৬১১-৮৯০১
৭-৩৭০৫-৩৭৫৭-৯৩১১	৬-৩৭০৫-৩৭৫৭-৮৯০১
৭-৩৭০৫-৩৬০৯-৯৩২৬	৬-৩৭০৫-৩৬০৯-৮৯০১

- (৩) (ক) উপজেলায় কর্মরত চাকুরে উপজেলা পরিষদের বাসায় বসবাস করলে তাদের বেতন বিলে উল্লিখিত বাসা ভাড়া ভাতা বাবদ কর্তনকৃত টাকার অংক নিম্নোক্তরূপে উপজেলা হিসাব রক্ষণ অফিস কর্তৃক হিসাবভুক্তি করতে হবে:-

ডেবিট	ক্রেডিট
৯-XXXXX-XXXXX-XXXXX	৬-৩৭০৫-৩৬০৯-৮৩২৬

(সংযুক্ত তহবিল সংশ্লিষ্ট ১৩ অংকের ব্যয়ের কোড)

